

আজকের রাশিফল

॥ ২৬ ডিসেম্বর, বুধবার, ২০০৭ ॥

পাশ্চাত্য জ্যোতিষ পদ্ধতি অনুযায়ী রবি মকর রাশিতে অবস্থান করছে। আজ যদি আপনার জন্মদিন হয় তবে পাশ্চাত্য জ্যোতিষে আপনি মকর রাশির জাতক/ জাতিকা। আপনার জন্মসংখ্যা ৮। আপনার উপর প্রভাবকারী গ্রহ শনি। আপনার শুভ সংখ্যাঃ ৮, ১৭, ২৬। শুভবারঃ শনি। শুভ বর্ণঃ নীল, সাদা ও সবুজ। শুভ রত্নঃ ইন্দ্রনীলা, হীরা ও পান্না।

প্রকৃতিগতভাবে আপনি প্রতিভাদীপ্ত। জীবনের প্রতি সিরিয়াস। সবকিছুকেই আপনার উচ্চাভিলাষ পূরণের লক্ষ্যে পরিচালিত করতে চান। আপনি দৃঢ়চেতা ও কিছুটা আত্মগর্বি। জীবন আপনার কুসুমাস্তীর্ণ নয় বরং কন্টকাকীর্ণ। তবে দুর্ভাগ্যকে ভয় পাওয়ার কিছু নেই। প্রতিটি বাধাই আপনাকে শক্তিশালী করবে, আপনার লক্ষ্যবস্তু এগিয়ে আসবে আরও কাছে।

জনগ্রহণকারী বিশিষ্ট ব্যক্তিত্বঃ মাও সে তুং, হেনরী মিলার, নীনা হামিদ ও দক্ষিণারঞ্জন বসু প্রমুখ।

দ্বাদশ রাশির পূর্বাভাস



মেস রাশি (২১ মার্চ-২০ এপ্রিল) ॥ শত্রুপক্ষের তৎপরতা বৃদ্ধি পেতে পারে। ব্যবসায়িক দিক ভালো যাবে। যৌথ বিনিয়োগ শুভ। প্রাপ্তিযোগ আছে। যোগাযোগ শুভ।



বৃষ রাশি (২১ এপ্রিল-২০ মে) ॥ আজ কিছু টাকা হারানো যেতে পারে। বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ। কর্মক্ষেত্রে কিছু নতুন সুযোগ সৃষ্টি হতে পারে। অযথা ভ্রমণ পরিহার করুন। প্রাপ্ত তথ্য ভালো করে যাচাই করে নিন।



মিথুন রাশি (২১ মে-২০ জুন) ॥ সন্তানের সাফল্যে আনন্দ লাভ করবেন। বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ। দাম্পত্য শান্তি বজায় থাকবে। কর্মক্ষেত্রে নতুন সুযোগ সৃষ্টি হতে পারে। যোগাযোগ শুভ।



কর্কট রাশি (২১ জুন-২০ জুলাই) ॥ চিত্ত-চাঞ্চল্য পরিহার করুন। কর্মক্ষেত্রে কিছু নতুন সুযোগ সৃষ্টি হতে পারে। বিদ্যার্থীদের জন্য দিনটি অনুকূল নয়। আর্থিক উৎস সচল থাকবে। রোমাস শুভ নয়।



সিংহ রাশি (২১ জুলাই-২১ আগস্ট) ॥ সুনামহানিকর কিছু ঘটতে পারে। অযথা ঝামেলা এড়িয়ে চলুন। দাম্পত্য দিক ভালো যাবে না। আর্থিক উৎস সচল থাকবে। দূর ভ্রমণ পরিহার করুন।



কন্যা রাশি (২২ আগস্ট-২২ সেপ্টেম্বর) ॥ কর্মে ভাগ্যের সহায়তা পেতে পারেন। দাম্পত্য শান্তি বজায় থাকবে। বন্ধুদের সাথে আনন্দে সময় কাটবে। প্রাপ্তিযোগ আছে। রোমাস ও বিনোদন শুভ।



তুলা রাশি (২৩ সেপ্টেম্বর-২২ অক্টোবর) ॥ কেউ ঈর্ষাকাতর হয়ে ক্ষতি করার চেষ্টা করতে পারে। পারিবারিক দিক ভালো যাবে না। নতুন বিনিয়োগে সতর্কতা অবলম্বন করুন। আর্থিক দিক ভালো যাবে না। ব্যয় বৃদ্ধি পেতে পারে।



বৃশ্চিক রাশি (২৩ অক্টোবর-২১ নভেম্বর) ॥ বিদ্যার্থীদের জন্য দিনটি শুভ। প্রতিভা বিকাশের সুযোগ পেতে পারেন। দাম্পত্য দিক ভালো যাবে। দূর ভ্রমণে যেতে পারেন। প্রাপ্তি যোগ আছে।



ধনু রাশি (২২ নভেম্বর-২০ ডিসেম্বর) ॥ পারিবারিক দিক ভালো যাবে। বিলাসদ্রব্য কেনাকাটা হতে পারে। যৌথ উদ্যোগে সফলতা পেতে পারেন। প্রাপ্তিযোগ আছে। ভ্রমণ শুভ।



মকর রাশি (২১ ডিসেম্বর-১৯ জানুয়ারী) ॥ অপ্রত্যাশিতভাবে অর্থ নষ্ট হতে পারে। ব্যবসায়িক দিক খুব একটা ভালো যাবে না। নতুন বিনিয়োগে সতর্কতা অবলম্বন করুন। প্রাপ্ত তথ্য ভালো করে যাচাই করে নিন। দূর ভ্রমণ পরিহার করুন।



কুম্ভ রাশি (২০ জানুয়ারী-১৮ ফেব্রুয়ারী) ॥ অতিরিক্ত পরিশ্রম স্বাস্থ্যহানী ঘটতে পারে। পারিবারিক শুভ। যৌথ উদ্যোগে সফলতা পেতে পারেন। প্রাপ্তিযোগ আছে। ভ্রমণ শুভ।



মীন রাশি (১৯ ফেব্রুয়ারী-২০ মার্চ) ॥ সামাজিক কাজকর্মে সুনাম ও মর্যাদা বৃদ্ধিকর কিছু ঘটতে পারে। পারিবারিক দিক ভালো যাবে। যৌথ উদ্যোগে সফলতা পেতে পারেন। প্রাপ্তিযোগ আছে। রোমান্টিক প্রস্তাবে সাড়া পেতে পারেন।

□ মুহম্মদ আনিসুল হক